তারিখ ... 09 NOV 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ......

দৈনিক
ইত্তেফাক

# এক শিক্ষার্থীর কারণে শত শত শিক্ষার্থীর ভোগান্তি

রাজশাহী অফিস

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ভাষা (উর্দু) বিভাগের মাস্টার্সের ফল দীর্ঘ প্রায় সাড়ে চার মাসেও প্রকাশ করা হয়নি। বিভাগের একজন শিক্ষকের আত্মীয় এক শিক্ষার্থীকে বাড়তি সুবিধা দিতেই ফল প্রকাশে বিলম্ব করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। এনিয়ে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির প্রধান অব্যাহতি নিলেও অপরজনকে দায়িত্ব দেওয়া হয়েছে।

জানা যায়, ভাষা (উর্দু) বিভাগের ২০০৯-১০ শিক্ষাবর্ষের মাস্টার্সের ৩০ শিক্ষার্থীর পরীক্ষা গত বছর সেপ্টেম্বরে অনুষ্ঠানের কথা থাকলেও তা চলতি বছরের ১৫ জুন শুরু হয়। শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা নেয়া হয় গত ২ জুলাই। পরীক্ষা শেষের দুই মাসের মধ্যে ফল প্রকাশ করার কথা থাকলেও সাড়ে চার মাসেও তা সম্ভব হয়নি। দ্রুত ফল প্রকাশে ব্যর্থতার দায় নিয়ে পরীক্ষা কমিটির প্রধানের দায়িত্ব থেকে অব্যাহতি নিয়েছেন বিভাগীয় সভাপতি মো. রেজাউল করিম। পরে ওই দায়িত্ব পেয়েছেন বিভাগের অধ্যাপক মো. শামীম খান। নাম প্রকাশে অনিচ্ছুক বিভাগের এক শিক্ষক ও দুই শিক্ষার্থী জানান, ওই শিক্ষার্থীর ভগ্নিপতি মোকাররম হোসেন মন্ডল একই বিভাগের সহকারী অধ্যাপক। তার 'স্পেশাল স্টাডি অব আল্লামা ইকবাল' নামের ৫০৪ নম্বর কোর্সের খাতার প্রথম পরীক্ষক বিভাগের সহযোগী অধ্যাপক আতাউর রহমান। দ্বিতীয় পরীক্ষক বিভাগের অধ্যাপক লতিফ আহমেদ। উভয়ের প্রদত্ত নম্বরের ব্যবধান বেশি হওয়ায় তৃতীয় পরীক্ষক হিসেবে শিক্ষার্থীর ভগ্নিপতি মোকাররমের কাছে পাঠানো হয়। কিন্তু তিনি খাতাটি নিজের জিম্মায় ছয়দিন রেখে মূল্যায়ন ছাড়াই ফেরত দিয়েছেন।